ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পিডব্লিউডি ই/এম রেট শিডিউল, ২০২২ এর দরের কপি।
সংযুক্ত ক্র: নং-৪। দরের স্বপক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বাজার দরের কপি।
সংযুক্ত ক্র: নং-৫। দরের তুলনামূলক রিপোর্ট।
সংযুক্ত ক্র: নং-৬। নারিন্দা লিফটিং স্টেশনের বিদ্যমান সাব-স্টেশনের সিঙ্গেল লাইন ডায়াগ্রাম।
সংযুক্ত ক্র: নং-৭। সাব-স্টেশনের সুইচগিয়ার, মিটারিং প্যানেল, মেইন ও লো ভোল্টেজ ডিস্ট্রিবিউশন প্যানেল জ্বলে যাওয়ার ছবি।
সংযুক্ত ক্র: নং-৮। মালামাল ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।
সংযুক্ত ক্র: নং-৯। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP.

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৯ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলো চালানোর জন্য নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনে ৫০০ কেভিএ ১১কেভি/৪১৫ ভোল্ট ইনডোর ইলেকট্রিক সাব-স্টেশন রয়েছে। সাব-স্টেশনটি ১৯৯০ সালে জাপান সরকারের অনুদানে প্ল্যান্ট রেনোভেশনের সময় নারিন্দা পুরাতন পাম্পিং স্টেশনের ভিতরে স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে সাব-স্টেশনটির বয়স প্রায় ৩৪ বছর হয়ে গিয়েছে। দীর্ঘদিন ধরে সাব-স্টেশনের বিদ্যমান এইচটি সুইচ গিয়ার, এইচটি মিটারিং প্যানেল, মেইন ডিস্ট্রিবিউশন ও লো ভোল্টেজ ডিস্ট্রিবিউশন প্যানেল ব্যবহারের ফলে স্পেয়ার পার্টসে বিভিন্ন সময়ে ত্রুটি দেখা দিচ্ছিল। গত ০২/১০/২০২৪ইং তারিখে ঢাকা শহরে অতিরিক্ত বৃষ্টি কারনে নারিন্দা পুরাতন পাম্প ঘরের ছাদ ড্যাম হয়ে ইলেকট্রিক সুইচ গিয়ার ও মিটারিং প্যানেলের উপর পানি পড়ে শর্ট হয়ে উক্ত প্যানেলসহ লো ভোল্টেজ ডিস্ট্রিবিউশন প্যানেলে আগুন ধরে অকেজো হয়ে যায় ও মেইন ডিস্ট্রিবিউশন প্যানেলে ত্রুটি দেখা দেয় । ফলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। সেই কারনে পাম্প মোটর চালু করা সম্ভব হচ্ছিল না। ফলে ঢাকা মেডিকেল, ঢাকা বিশ্ববিদ্যালয়, বংশাল, তাতীবাজার, নারিন্দা, টিপু সুলতার রোড়সহ সংশ্লিষ্ট এলাকায় সুয়্যার ওভার ফ্লো হতে শুরু করে ও কিছু কিছু এলাকায় সুয়্যার ওভার ফ্লো হয়। বিদ্যমান সাব স্টেশনের অধিকাংশ স্পেয়ার পুরাতন ও অকেজো হয়ে যাওয়ায় এটি কারিগরী বিবেচনায় মেরামতের অনুপযোগী হয়ে গিয়েছে। ঢাকা শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে ডিপিডিসির সাথে যোগাযোগ করে জরুরী ভিত্তিতে এইচটি সুইচ গিয়ার ও এইচটি এনার্জি মিটার বাই পাস করে তাৎক্ষনিক বৈদ্যুতিক লাইন সচলসহ পাম্প মোটর চালু করা হয়েছে। তবে বর্তমানে নিরাপত্তার ঝুঁকি রয়েছে ও যে কোন সময় পুনরায় দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। এইটটি এনার্জি মিটার বাই পাস করে পাম্প মোটর চালু রাখায় যে কোন সময় ডিপিডিসি কর্তৃক বিদ্যুৎ লাইন বন্ধ করে দিতে পারে। সেই কারনে পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে নারিন্দা পাম্পিং স্টেশনের জন্য নতুন মেইন ও লো ভোল্টেজ ডিস্ট্রিবিউশন প্যানেল ক্রয়সহ এইচটি সুইচ গিয়ার এবং এইচটি মিটারিং প্যানেলের মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পিডব্লিউডি ই/এম রেট শিডিউল ২০২২ ও বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে "Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP" শীর্ষক ক্রয় কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৫৭,৯৪,৩২৯.০০(সাতান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত উনত্রিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের **"পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)"** খাতের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-109; প্যাকেজ নং-E7(থোক বরাদ্দ) হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG3 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে " Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উম্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৫৭,৯৪,৩২৯.০০(সাতান্ন লক্ষ চুরানব্বই হাজার তিনশত উনত্রিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের **"পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)"** খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

30.10.24
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SDE
30.10.2024
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা

EE
30/10/24
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE (WS/PC)
30/10.2024
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE
30/10/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O&M)
2.8/ Pl. Discuss.
3/11/2024

CE,

ঢাকা ওয়াসা

১.৫। আলোচনা হয়েছে। মতামতের জন্য নথিটি P&D Circle এ প্রেরণ করা হলো।

03/11/24

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

SE (P&D)

03/11/2024

শারমিন হক আমীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল
ঢাকা ওয়াসা।

EE, P&D (E&M)

AE/SAE

4/11/2024

[illegible]
০৩/১১/২৪

[illegible] / SE (P&D)
০৩/১১/২৪

[illegible]
০৩/১১/২৪

১.৬। অনুচ্ছেদ ১.৪ এর প্রেক্ষিতে যানানো যাচ্ছে যে, Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda Sub-station (new) Under PSTP কাজের জন্য নারিন্দা কেন্দ্রিয় পয়ঃ লিফটিং স্টেশন এর 500KVA 11/0.415KV Sub-station অত্র বিভাগের সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী এবং সংশ্লিষ্ট বিভাগের উপ-সহকারী প্রকৌশলী সহ সরেজমিনে পরিদর্শণ করা হয়। পরিদর্শণ, নথি ও কাজটির প্রাক্কলন যথাযথ বিশ্লেষণ এবং পর্যালোচনা করে একটি সুপারিশমালা প্রতিবেদন আকারে উপস্থাপন করা হলো (সংযুক্তি-১০) এবং যৌথ সার্ভে অনুযায়ী একটি খসড়া Draft Working Drawing (সংযুক্তি-১১) যুক্ত করা হলো, উক্ত ড্রইং এ আলোচ্য কাজের সাথে সম্পর্কযুক্ত যন্ত্রপাতি সমূহের লে-আউট দেয়া আছে।

১.৭। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda Sub-station (new) Under PSTP কাজের নথিটি পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা যেতে পারে।

A/E

EE

26.11.2024
ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ঢাকা ওয়াসা।

২৬/১১/২৪
শেখ শফিকুল ইসলাম
সহকারী প্রকৌশলী
পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগ
ঢাকা ওয়াসা।

২৬/১১/২৪
সাঈদ শাহরিয়ার হোসাইনী
নির্বাহী প্রকৌশলী
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ঢাকা ওয়াসা।

SE/P&D

02/12/2024
শারমিন হক আমীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

SE, WSTPC

03/12/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

ঢাকা ওয়াসা

(১২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।

(১৩) বাজার দরের কোটেশন।

(১৪) পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগের সুপারিশের আলোকে সংযুক্ত প্রাক্কলনে আইটেম নং -৩ (পার্ট বি) এর প্রতিটি জবের খরচের ক্যালকুলেশন শীট।

(১৫) মালামাল ক্রয় ও স্থাপন কাজের সংশোধিত প্রাক্কলন।

১.৮। অনুচ্ছেদ- ১.৬ ও ১.৭ এ পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগের সুপারিশের আলোকে (ক্রমিক নং-১০ দ্রঃ) নিম্নলিখিত প্রস্তাবনা তৈরি করে নথিটি পুনরায় উপস্থাপন করা হ'ল।

(১) (ক) পি এন্ড ডি(যাঃ ও তঃ) বিভাগের সুপারিশের আলোকে জানানো যাচ্ছে যে, নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের বিদ্যমান পাম্প মোটরগুলোতে সম্প্রতি ভিএফডি স্থাপন করা হয়েছে। সেই কারনে সাপ্লাই ভোল্টেজ ওঠা নামার (380 volt to 440 volt) করণে পাম্প মোটর চালাতে সমস্যা হচ্ছে না। এছাড়া বিদ্যমান সাব-স্টেশনের জন্য ৬৫০ কেভিএ এর Autometic voltage regulator(AVR) প্রয়োজন হবে। উক্ত সাইজের AVR এর দাম কম-বেশি ৩২-৩৩ লক্ষ টাকা। সেই কারনে আপাতত AVR ক্রয় করা প্রয়োজন নেই। তবে ভবিষ্যতে পাম্প মোটর চালাতে সমস্যা দেখা দিলে পি এন্ড ডি(যাঃ ও তঃ) বিভাগের সুপারিশের আলোকে AVR ক্রয়ের উদ্যেগ নেয়া হবে।

(১) (খ) পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগের সুপারিশ অনুযায়ী সংযুক্ত প্রাক্কলনের আইটেম নং-৮ এ ১০০০ অ্যাম্পিয়ারের সার্কিট ব্রেকারের পরিবর্তে ৮০০ অ্যাম্পিয়ারের সার্কিট ব্রেকার অন্তর্ভূক্ত করে (সংশোধিত প্রাক্কলনের আইটেম নং-৮)। সংশোধিত প্রাক্কলন তৈরি করা হ'ল।

(২) এছাড়া নিরবচ্ছিন্নভাবে পাম্প মোটর অপারেশন ও বৈদ্যুতিক নিরাপত্তার স্বার্থে প্রাক্কলনের আইটেম নং-১৩ এ ১টি প্যানেল বোর্ডের জন্য ৮০০ অ্যাম্পস সার্কিট ব্রেকার ব্যবহার না করে পি এন্ড ডি বিভাগের সুপারিশের আলোকে ২টি আলাদা আলাদা প্যানেল বোর্ডে ২টি ৪০০ অ্যাম্পসের সার্কিট ব্রেকার ধরে প্রাক্কলন সংশোধন করা হ'ল।

(৩) আলোচ্য কাজের মালামালের গুণাগুণ নিশ্চিতের লক্ষ্যে ISO/ASTM/BS/JIS/European stander or BSTI যথাযথ ভাবে মানার জন্য দরপত্র আহবানের সময় উক্ত শর্তসমূহ সংযুক্ত করা হবে।

(৫) কাজ শেষে বর্ণিত সাব-স্টেশনের ফুল ইলেকট্রিক কানেকশন ডায়াগ্রাম ও কাজের এ্যাজবিল্ট নঁকশা পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগের মাধ্যমে প্রনয়ন করা হবে।

(৬) সংযুক্ত প্রাক্কলনে আইটেম নং -৩ (পার্ট বি) এর প্রতিটি জব এর খরচ ক্যালকুলেশন শীটে উপস্থাপন করে সেই আলোকে সংশোধিত প্রাক্কলন তৈরি করা হ'ল।

(৭) সাব-স্টেশনের নিরাপত্তার লক্ষ্যে ক্যাবল পাইপং,ক্যাবল ট্রে, ফায়ার সেফটি সিস্টেম ব্যবহার করা হবে।

(৮) প্রাক্কলনের আইটেম নং-১৪ ও ১৫ তে যথাক্রমে ৭৫ কিলোওয়াট পাম্প মোটরের জন্য ৩০০ অ্যাম্পস সার্কিট ব্রেকারের পরিবর্তে ২০০ অ্যাম্পস এবং ৩৭ কিলোওয়াট পাম্প মোটরের জন্য ১৬০ অ্যাম্পস সার্কিট ব্রেকারের পরিবর্তে ১০০ অ্যাম্পস সার্কিট ব্রেকার অন্তর্ভূক্ত করে প্রাক্কলন সংশোধন করা হ'ল।

১.৯। পি এন্ড ডি (যাঃ ও তঃ) বিভাগের সুপারিশের আলোকে আলোচ্য কাজের সংশোধিত প্রাক্কলন তৈরি করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪৯,৮৫,২৬১.০০(উনপঞ্চাশ লক্ষ পঁচাশি হাজার দুইশত একষট্টি) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) **(কোড ০১-০৪-০০৪)** খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২১২; প্যাকেজ নং- **E7/2** তে অন্তর্ভূক্ত আছে।

১.১০। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। যার দরপত্র ডকুমেন্ট e-PG3 এ ফরমেটে করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.১১। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.৮ হতে ১.৯ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে " Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উম্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (ওটিএম) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক সংশোধিত প্রাক্কলন ৪৯,৮৫,২৬১.০০(ঊনপঞ্চাশ লক্ষ পচাশি হাজার দুইশত একষট্টি) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের "পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)" খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

SE (WSTPC)

22/06/25
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

22.06.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

22/06/2025
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

ইস্যু নং ২০৯ /পয়ঃ শোঃ
তারিখ ২২/০৬/২৫

22.06.2025
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

২৩/০৬/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O&M)

OK.
(প্রকৌঃ [illegible])
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

CE
EE (PSTP)
২৩/০৬
মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

ঢাকা ওয়াসা

১.১২। উপরোক্ত অনুচ্ছেদসমূহ সদয় দেখা যেতে পারে। "Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP" শীর্ষক কাজটি ২০২৪-২৫ অর্থ বছরে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের আওতাধীন রেখে বাজেটের থোক বরাদ্দ থেকে নথিটি উপস্থাপন করা হয়েছিল। পরবর্তিতে কাজটি সংশোধিত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়। যা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম) কর্তৃক অনুমোদন গ্রহন করা হয়। কিন্তু অত্র নথিটি বিগত অর্থ বছরে থোক বরাদ্দ থেকে উপস্থাপন করার কারনে নথিটি অধিকতর অনুমোদনের জন্য পুনরায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।

১.১৩। এমতাবস্থায়, পি এন্ড ডি (ই এন্ড এম) বিভাগের সুপারিশের আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of main distribution panel & low voltage distribution panel with switchgear and metering panel accessories for 500KVA 11/0.415KV Narinda CPS Sub-station(new) under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,৮৫,২৬১.০০(**ঊনপঞ্চাশ লক্ষ পচাশি হাজার দুইশত একষট্টি**) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের **"পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১)** খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন। উল্লেখ্য, আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার **সিরিয়াল নং-১৪২; প্যাকেজ নং- E7/2** তে অন্তর্ভূক্ত আছে।

এমতাবস্থায়, নথিটি অধিকতর অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।

SDE E/E

০২/১২/২৫
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

02.12.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE(WSTPC)

03/12/2025
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE / DMD (O&M)
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

অনুমোদিত

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ / EE Store

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।